আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.৩০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

০১। **বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, হাওড় অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় খামারীদের বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী চলমান রয়েছে। তিনি আরো জানান যে, ক্ষুরারোগের ভ্যাক্সিনেশন কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিকিউরিটির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। অপারেশন থিয়েটার চালুর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির সরবরাহের জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসরকে অনুরোধ করেন। এর এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো মৌসুমে মোট ১২.৪৫০ হে. জমি চাষ হয়েছে। চাষকৃত জমির মধ্যে মোট ২৬২০ হে. জমি কর্তন হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে । | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা ও টিআর, ১৫ মিটার ব্রীজ, ইজিপিপি(+), এইচবিবি করণ প্রকল্পের কাজ চলমান। বর্তমানে ইজিপি(+) এর প্রকল্প সবচেয়ে গুরুতপূর্ণ প্রকল্প। এই প্রকল্পটি সফল ভাবে সম্পন্ন করার জন্য ট্যাগ অফিসার, ইউপি চেয়ারম্যানদের কে পরিদর্শনের মাধ্যমে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কাবিটা, কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, পবিত্র রমজান ও ঈদ উল-ফিতর উপলক্ষে দীর্ঘ ছুটির পর অদ্য ২৭.০৪.২০২৩ ইং তারিখ বিদ্যালয়ের কার্যক্রম চালু হয়েছে। বিদ্যালয়ের সময়সূচী সকাল ৯.০০ হতে ৪.১৫ পর্যন্ত। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে। | ০১. চেয়ারম্যান উপজে[illegible] আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় আটপাড়া উপজেলার সকল প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতার জরিপ কার্যক্রম চলমান রয়েছে। ভাতাভোগীদের ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়েটারের প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য উপজেলা উন্নয়ন তহবিলের স্বাস্থ্য ও সমাজ কল্যাণ খাত হেত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে অটি স্থাপনের প্রয়োজনীয় মালামাল সরবরাহের প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ প্রধান প্রবেশ পথের গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের প্রয়োজন। এ জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ মেইন গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি'র বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়েটারের প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য উপজেলা উন্নয়ন তহবিলের স্বাস্থ্য ও সমাজ কল্যাণ খাত হেত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে অটি স্থাপনের প্রয়োজনীয় মালামাল সরবরাহের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ মেইন গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩. প্রকল্পের গুণগতমান নিশ্চিত করতে তদারকি জোরদার করতে হবে। | ০১. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, পূর্বের আশ্রয়ন-২ প্রকল্পে বিতরণ করা ঋণ মার্চ/২০২৩ খ্রি. মাসে ১৬১৪০/- টাকা আদায়করা হয়েছে। আশ্রয়ন-২ এর আওতায় পূণর্বাসিত পরিবারের সদস্যদের নিয়ে ভরতোষী আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য আশ্রয়নে বসবাসকারীদের নিয়ে সমবায় সমিতি গঠনের প্রক্রিয়া চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, IMPACT প্রকল্পের মাধ্যমে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের নিমিত্ত প্রশিক্ষণ প্রদানের জন্য সবাইকে অবগত করা হয় এবং প্রশিক্ষণ গ্রহণ ও প্লান্ট স্থাপনের আগ্রহীদের প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। ঋণ আদায় কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় পরিবার পরিকল্পনা বিভাগের নিজস্ব বিল্ডিং নির্মাণের জন্য ১৫ শতাংস জায়গা বরাদ্দের অনুরোধ জানান। তিনি আরো জানান যে, লুনেশ্বর ও দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখ হতে এস.এস.সি ও দাখিল পরীক্ষা শুরু হবে। সকলের সহযোগিতা কামনা করেন। আটপাড়া উপজেলায় এ বছর এস.এস.সি মোট পরীক্ষার্থী ১৮৪৮ জন, দাখিল মোট পরীক্ষার্থি ১৫৪ জন এবঙ অনিয়মিত মোট পরীক্ষার্থী ১৩৩ জন। এছাড়া তার বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে বিষয়ে সি দ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। তার বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, মুজিববর্ষের স্থাপিত ঘরসমূহের নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের WATSON কমিটির মাটিং ইতোমধ্যে হয়েছে। দ্রুত স্থান তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া** সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, চাহিদার তুলনায় বিদ্যুৎ কম সরবরাহ পাওয়ায় কিছুটা লোড সেডিং হচ্ছে। বিদ্যুৎ বিল আদায়ের জন্য বিভিন্ন এলাকায় সংযোগ বিচ্ছিন্ন করায় গ্রাহকদের সাথে কিছু সমস্যা হচ্ছে এ জন্য ভ্রাম্যমান আদালতের মাধ্যমে সমস্যা সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সহযোগীতা কমনা করেন। এছাড়া তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | আসন্ন রমান মাস এবং সেচ মৌসুমে কৃষক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ যেন পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |

০৩ (১)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নের (EGPP+) কর্মসূচির কাজ চলমান আছে। আটপাড়া-বারহাট্টা রোডে লাঙ্গালিয়া স্থানে একটি গাছ হেলে আছে, গাছটি যে কোন সময় পরে যাওয়ার সম্ভাবনা রয়েছে তাই উক্ত গাছটি কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৩(২)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই, ক্লিনিক স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৩)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে ক_ কর্তা/কর্মাচারী না থানায় ক্লিনিকটি বন্ধ আছে। লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে CHCP পদায়নের মাধ্যমে ক্লিনিকটি চালু কারার জন্য অনুরোধ করেন।

০৩ (৪) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৫)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, হাসপাতালে ডাক্তার স্বল্পতার জন্য রোগিরা নিয়মিত সঠিক চিকিৎসা পাচ্ছে না। ইমার্জেন্সিতে ডাক্তার পাওয়া যায়না। হসাপাতালে ডাক্তারের শূন্য পদ পুরনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপ-

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি, অতিদরিদ্র, টিআর, কাবিটা ইত্যাদি খাতসমূহে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি আহবান জানান। আগামী ৩০.০৪.২০২৩ হতে শুরু হতে যাওয়া এস.এস.সি ও সমমান পরীক্ষা সুষ্ঠু, সুন্দর পরিবেশে সম্পন্ন করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি, অতিদরিদ্র, টিআর, কাবিটা ইত্যাদি খাতসমূহে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া ও চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ |

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা অভ্যন্তরে অফিসসমূহের নিরাপত্তার স্বার্থে সকল অফিসের নিরাপত্তা প্রহরীদের নিয়মিত ডিউটি নিশ্চিত করার জন্য সকল অফিস প্রধানদের প্রতি অনুরোধ জানান। তিনি চলতি অর্থ বছরের চলমান প্রকল্পসমূহ বর্ষা আসার পূর্বে সুন্দরভাবে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২- 267

তারিখঃ ১৪ বৈশাখ ১৪২৯ বাংলা
২৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ..................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ..........................................................................................

29/04/26

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১